# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

শানিবি সার্কুলার নং-০৫/২০১৮ তারিখ: ২২.০৩.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS) প্রসংগে।

রাকাব,পরিচালনা পর্ষদের ৩৮২তম সভার (তারিখ ১৩.০৬.২০১২) অনুমোদন মোতাবেক রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS) প্রথম ২০১২ সালে চালু করা হয়। ব্যাংকিং ব্যবসায় সুদ হারের নিম্নগতির কারণে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৩১ অক্টোবর, ২০১৬ তারিখের সার্কুলার নং-০৬/২০১৬ এর মাধ্যমে স্কীমটি বন্ধ করা হয়।

০২। রাকাবের বর্তমান তারল্য সংকট দূরীকরণ, আর্থিক অবস্থা সুসংহত ও আমানত সংগ্রহ জোরদারকরণের লক্ষ্যে 'রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS)' নামের আমানত স্কীমটি পুনরায় চালুকরণের প্রস্তাব ২৭.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৭২তম সভায় অনুমোদিত হয়। এ স্কীমের রূপরেখা নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| (১) | স্কীমের নাম | : | রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS)। |
| (২) | স্কীমের মেয়াদকাল | : | ০৫, ০৭ ও ১০ বছর। |
| (৩) | হিসাবে মাসিক জমার পরিমাণ | : | ১৩,৬৫৫/- টাকা, ৮,৮৩০/- টাকা ও ৫,২৬৫/- টাকা। |
| (৪) | সুদের হার | : | ০৫ বছর মেয়াদের ক্ষেত্রে ৮.০০% (বার্ষিক চক্রবৃদ্ধি)<br>০৭ বছর মেয়াদের ক্ষেত্রে ৮.৫০% (বার্ষিক চক্রবৃদ্ধি)<br>১০ বছর মেয়াদের ক্ষেত্রে ৯.০০% (বার্ষিক চক্রবৃদ্ধি) |

(০৫) হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী :

ক) ১৮ (আঠার) বছর কিংবা তদূর্ধ্ব সুস্থ মস্তিষ্কসম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে ব্যাংকের অভিন্ন হিসাব খোলার ফরমের মাধ্যমে এ স্কীমের আওতায় হিসাব খুলতে পারবেন।

খ) হিসাব খোলার সময় আমানতকারীকে তাঁর সঠিক পরিচিতি, পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, শাখায় নিয়মিত পরিচালিত হচ্ছে এমন যে কোন আমানত হিসাবের হিসাবধারী দ্বারা কিংবা গ্রেড নির্বিশেষে শাখা ব্যবস্থাপক দ্বারা কিংবা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক হিসাব খোলার ফরমে উল্লিখিত ব্যক্তি দ্বারা সত্যায়িত করতে হবে। এছাড়া আমানতকারী তাঁর নমিনী/নমিনীবৃন্দের ছবি নিজে সত্যায়িত করবেন।

গ) হিসাব খোলার সময় গ্রাহককে ব্যাংকের নির্ধারিত নমুনা স্বাক্ষর কার্ডে তিনটি নমুনা স্বাক্ষর করতে হবে।

ঘ) অভিভাবকের সাথে ১৮ বছরের কম বয়সী শিশুরাও হিসাব খুলতে পারবে।

ঙ) যৌথ নামেও এ হিসাব খোলা যাবে।

চ) একই ব্যক্তির নামে এ স্কীমের আওতায় একাধিক হিসাব খোলা যাবে।

ছ) আমানতকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় হিসাব স্থানান্তর করা যাবে। তবে এক্ষেত্রে আমানতকারীকে ব্যাংকের প্রচলিত হারে চার্জ/ফিস শাখায় জমা দিতে হবে।

জ) হিসাব স্থানান্তরের ক্ষেত্রে স্থানান্তরিত শাখায় প্রত্যেকটি হিসাবের জন্য ভিন্ন হিসাব নম্বর দিতে হবে এবং হিসাব স্থানান্তরের সময় সংশ্লিষ্ট শাখায় হালতক লেনদেন বিবরণীসহ হিসাব খোলার যাবতীয় কাগজপত্র প্রেরণ করতে হবে।

ক্রমশ: পাতা-০২

(৬) জমা প্রদানের নিয়মাবলী :

ক) এ স্কীমের আওতায় খোলা হিসাবের বিপরীতে আমানতকারী প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে মাসিক কিস্তির টাকা জমা করবেন।

খ) প্রত্যেক মাসের ০১ হতে ১০ তারিখের মধ্যে হিসাব খোলা ও মাসিক কিস্তি জমা করতে হবে। মাসের ১০ তারিখ সাপ্তাহিক অথবা সরকারী ছুটির দিন হলে পরবর্তী কার্যদিবসে কিস্তির অর্থ জমা করা যাবে।

গ) চেকের মাধ্যমেও মাসিক কিস্তির টাকা জমা করা যাবে। এ ক্ষেত্রেও সংশ্লিষ্ট মাসের ০১ হতে ১০ তারিখের মধ্যে হিসাবে টাকা জমা করতে হবে। স্থিতি স্বল্পতার কারণে জমাকৃত চেকের টাকা পরিশোধিত না হলে সংশ্লিষ্ট মাসের কিস্তি খেলাপী বলে গণ্য হবে। চেকের মাধ্যমে জমা প্রদানের ক্ষেত্রে আউট স্টেশন চেক গ্রহণযোগ্য হবে না।

ঘ) গ্রাহক ও ব্যাংকের মধ্যে সমঝোতার ভিত্তিতে এ স্কীমের আওতায় অগ্রিম কিস্তি দেয়া যাবে। অগ্রিম কিস্তির উপর সুদ প্রদান করা যাবে না। মাসিক কিস্তির অর্থ অগ্রিম জমা দেওয়া হলেও শুধুমাত্র কিস্তির জন্য নির্ধারিত মাস হতে সুদ প্রদান করা যাবে।

ঙ) আমানতকারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়ী/চলতি হিসাব থাকলে সে হিসাব হতে উক্ত স্কীমের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে আমানতকারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করতে পারবেন, এক্ষেত্রে আমানতকারীকে সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাবে পর্যাপ্ত স্থিতি সংরক্ষণ করতে হবে। স্থায়ী নির্দেশের আলোকে প্রতিটি লেনদেন/স্থানান্তরের জন্য নির্ধারিত হারে সার্ভিস চার্জ সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাব হতে আদায়যোগ্য হবে।

(০৭) সুদের হার :

| | | |
|---|---|---|
| (ক) | ০৫ বছর মেয়াদের ক্ষেত্রে ৮.০০% (বার্ষিক চক্রবৃদ্ধি) | বার্ষিক হিসাব সমাপনীর তারিখে সুদ হিসাবভুক্ত করতে হবে। |
| (খ) | ০৭ বছর মেয়াদের ক্ষেত্রে ৮.৫০% (বার্ষিক চক্রবৃদ্ধি) | |
| (গ) | ১০ বছর মেয়াদের ক্ষেত্রে ৯.০০% (বার্ষিক চক্রবৃদ্ধি) | |

(০৮) নমিনী মনোনয়ন :

ক) আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে নমিনী মনোনীত করতে পারবেন। নমিনীর সংখ্যা একাধিক হলে আমানতকারীকে প্রত্যেক নমিনীর অংশও নির্ধারণ করে দিতে হবে। নমিনী/নমিনীগণের পাসপোর্ট সাইজের ছবি আমানতকারী কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

খ) নাবালক/নাবালিকাকেও নমিনী নিয়োগ করা যাবে। এ ক্ষেত্রে নমিনী নাবালক থাকা অবস্থায় আমানতকারীর মৃত্যু হলে আমানতের অর্থ কে গ্রহণ করবে সে সম্পর্কে আমানতকারী লিখিত নির্দেশ প্রদান করতে পারবেন। অন্যথায় প্রচলিত আইন দ্বারা নির্ধারিত অভিভাবককে আমানতের অর্থ প্রদেয় হবে।

গ) আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহণের পূর্বে নমিনীর/নমিনীগণের মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে নতুনভাবে আবেদনের মাধ্যমে নমিনী নিযুক্ত করতে হবে। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ প্রাপ্য হবেন। সেক্ষেত্রে succession সার্টিফিকেট নেয়ার প্রয়োজন পড়বে না এবং তা শাখা পর্যায়েই নিষ্পত্তিযোগ্য হবে।

ঘ) নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

- নমিনী/নমিনীগণের/মনোনীত অভিভাবকের/নাবালক-নাবালিকার আবেদন পত্র।
- আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- নমিনী/নমিনীগণের অথবা মনোনীত অভিভাবকের/নাবালক-নাবালিকার ক্ষেত্রে (যদি থাকে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক (নমিনী/নমিনীগণের নাবালকসহ) সনাক্তকরণ পত্র।
- নমিনী/নমিনীগণ অথবা মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক যৌথভাবে ব্যাংকের অনুকূলে সম্পাদিত ও প্রযোজ্য মূল্যের ইনডেমনিটি বন্ড।

ক্রমশ: পাতা-০৩

(০৯) মেয়াদপূর্তির পূর্বে গ্রাহক কর্তৃক অথবা স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধকরণ ও পুনঃবৈধকরণ :

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় লিখিত আবেদনের প্রেক্ষিতে হিসাব বন্ধ করতে পারবেন। এরূপ ক্ষেত্রে হিসাবের বিপরীতে নিম্নোক্ত নিয়মাবলী পরিপালন করতে হবে:

ক) হিসাব খোলার ০১ বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক শুধুমাত্র জমাকৃত মূল অর্থ ফেরত পাবেন।

খ) হিসাবের মেয়াদ ০১ বছরের অধিক কিন্তু ০৫ বছর পূর্ণ হয়নি সেক্ষেত্রে গ্রাহক সঞ্চয়ী হিসাবে প্রদত্ত সরল হারে সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন। হিসাবের মেয়াদ ০৫ বছরের অধিক কিন্তু ০৭ বছর পূর্ণ হয়নি সেক্ষেত্রে গ্রাহক ৬% হারে সরল সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন। তদ্রুপ হিসাবের মেয়াদ ০৭ বছরের অধিক কিন্তু ১০বছর সেক্ষেত্রে গ্রাহক ৭% হারে সরল সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন।

গ) হিসাব খোলার পর কোন মাসের কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহক কর্তৃক জমা দেয়া না হলে পরবর্তী মাসের ০১ হতে ১০ তারিখের মধ্যে উপযুক্ত কারণ দর্শানোসহ তা জমা করার জন্য লিখিতভাবে আবেদন করে জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করলে হিসাবটি বৈধ করা যাবে। এক্ষেত্রে ১৩,৬৫৫/- টাকা কিস্তির ক্ষেত্রে ২৭৩/- টাকা, ৮,৮৩০/- টাকা কিস্তির ক্ষেত্রে ১৭৭/- টাকা এবং ৫,২৬৫/- টাকা কিস্তির ক্ষেত্রে ১০৫/- টাকা (প্রত্যেক মাসিক জমার পরিমাণের উপর ২% হারে) কিস্তি খেলাপি বাবদ জরিমানা দিতে হবে।

(১০) মেয়াদপূর্তির পর টাকা পরিশোধের পদ্ধতি :

হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে। প্রাপ্য টাকা সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক কর্তনপূর্বক প্রদান করতে হবে। সঞ্চয় স্কীমের মাসিক কিস্তির জমার পরিমাণ এবং সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন ব্যতীত সুদসহ মেয়াদান্তে যে পরিমাণ টাকা গ্রাহক প্রাপ্য হবেন তা নিম্নে দেয়া হলো:

| মাসিক সঞ্চয়ের পরিমাণ | মেয়াদ (বছর) | মেয়াদান্তে প্রদেয় টাকা |
|---|---|---|
| ১৩,৬৫৫/- | ০৫ (পাঁচ) | ১০,০০,০০০/- |
| ৮,৮৩০/- | ০৭ (সাত) | ১০,০০,০০০/- |
| ৫,২৬৫/- | ১০ (দশ) | ১০,০০,০০০/- |

(১১) ঋণ সুবিধা:

হিসাবধারী প্রয়োজনে নিজ হিসাবের স্থিতি লিয়েনপূর্বক ঋণ গ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে -

| | | | |
|---|---|---|---|
| (ক) | ঋণসীমা: | : | হিসাবের স্থিতির সর্বোচ্চ ৮০ শতাংশ পর্যন্ত ঋণ প্রদান করা যাবে। |
| (খ) | ঋণের সময়কাল: | : | ১২ (বার) মাস, তবে সংশ্লিষ্ট হিসাবের মেয়াদের মধ্যে নবায়নযোগ্য। |
| (গ) | ঋণ প্রাপ্তির যোগ্যতা: | : | হিসাবের মেয়াদ কমপক্ষে ০১ (এক) বছর পূর্ণ হলে ঋণ প্রাপ্তির যোগ্য হবেন। শুধুমাত্র চালু এবং হালনাগাদ কিস্তি পরিশোধিত হিসাবের ক্ষেত্রে এ ধরণের ঋণ মঞ্জুর করা যাবে। |
| (ঘ) | ঋণ বিতরণ পদ্ধতি: | : | এককালীন/SOD হিসেবে ঋণ প্রদান করা যাবে। এককালীন/SOD উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট ঋণের নিয়মাচার পরিপালন পূর্বক ঋণ প্রদান করা যাবে। |
| (ঙ) | মঞ্জুরীর ক্ষমতা: | : | শাখা ব্যবস্থাপক (পদবী নির্বিশেষে)। |
| (চ) | সুদের হার: | : | হিসাবের সুদের হারের ৩% এর উর্ধ্বে; ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য। |
| (ছ) | পরিশোধ পদ্ধতি: | : | ঋণের মেয়াদের মধ্যে কিস্তিতে কিংবা এককালীন পরিশোধযোগ্য। |
| (জ) | দলিল পত্রাদি | : | |

| এককালীন ঋণ প্রদানের ক্ষেত্রে | SOD ঋণ প্রদানের ক্ষেত্রে |
|---|---|
| ■ ডিমান্ড প্রমিসরি নোট (ডিপি নোট)। | ■ ডিমান্ড প্রমিসরি নোট (ডিপি নোট)। |
| ■ লেটার অব লিয়েন কাম অথরিটি। | ■ লেটার অব লিয়েন কাম অথরিটি। |
| ■ আমানত হিসাবের স্থিতি লিয়েন সম্পর্কিত প্রতিশ্রুতি পত্র। | ■ আমানত হিসাবের স্থিতি লিয়েন সম্পর্কিত প্রতিশ্রুতি পত্র। |
| | ■ লেটার অব কন্টিনিউটি। |
| | ■ রিভাইভাল লেটার |

ক্রমশ: পাতা-০৪

(১২) বিশেষ নির্দেশাবলী :

ক) এ হিসাবের বিপরীতে কোন চেক বই দেয়া যাবে না।
খ) হিসাবধারীর মৃত্যুর পরও নমিনী কর্তৃক হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত কিস্তির অর্থ জমা দেয়া যাবে।
গ) এ স্কীমের মেয়াদপূর্তির পূর্বেই হিসাবধারীর মৃত্যু হলে নমিনী কর্তৃক হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত কিস্তি চালু রাখবেন মর্মে হিসাবধারীকে হিসাব খোলার সময় একটি ঘোষণাপত্র দিতে হবে।
ঘ) এ হিসাবের কিস্তির পরিমাণ পরিবর্তন করা যাবে না। পরিবর্তন করলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।
ঙ) এ হিসাবের মেয়াদ শেষ হওয়ার পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে মনোনীত নমিনী যদি হিসাব বন্ধ করতে চায় তাহলে ২(০৯) এর (ক) ও (খ) অনুচ্ছেদে বর্ণিত নিয়ম অনুযায়ী সমুদয় অর্থ প্রদেয় হবে।
চ) কোন হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এবং ঋণের অর্থ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে আমানত স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি মনোনীত নমিনী/নমিনীগণকে প্রদেয় হবে।
ছ) হিসাব খোলার সময় গ্রাহককে এ মর্মে একটি ঘোষণা প্রদান করতে হবে যে, এ স্কীমের নিয়মাবলী তিনি যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন (সংযুক্তি: 'ক')।
জ) এ হিসাব হতে সরকারী নিয়ম অনুযায়ী কর ও আবগারী শুল্ক কর্তনযোগ্য।
ঝ) আয়কর হতে এ স্কীমের আমানত রেয়াত প্রাপ্তিযোগ্য হবে না।
ঞ) স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/সংযোজন ব্যাংক এর সম্পূর্ণ এখতিয়ারভুক্ত।

(১৩) হিসাব খোলা ও পরিচালনার জন্য ব্যবহৃত ফরম ও বইসমূহ :

ক) এ হিসাব খোলার জন্য 'uniform account opening form' ব্যবহার এবং এ হিসাবের জন্য ইতোপূর্বে চালুকৃত জমা স্লিপ ব্যবহার করতে হবে।
খ) 'রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS)' এর জন্য পূর্বের GL হেড, সুদের সাবহেড এবং computer code ব্যবহার করেই হিসাব খোলা এবং পরিচালনা করতে হবে।
গ) এ হিসাব খোলার জন্য পৃথক হিসাব খোলার রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।

০৩। প্রচারণার নিমিত্ত শাখাসমূহের উপযুক্ত স্থানে পোস্টার প্রদর্শন ও ব্যানার স্থাপনের মাধ্যমে এ স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনসাধারণকে আকৃষ্ট ও উদ্বুদ্ধকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। এতদবিষয়ে কোন ব্যাখার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

২২.০৩.২০১৮
(অসিত কুমার সরকার)
উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-৮(৫১)/২০১৭-২০১৮/ ১০০৮ (৮৯৭)/ ৫৪ তারিখ: ২২.০৩.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদেয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যাবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১২। অফিস নথি/মহানথি।

২২.০৩.২০১৮
(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

সংযুক্তি-"ক"

# নিয়মাবলী মেনে চলার বিষয়ে অঙ্গীকারনামা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের "রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS)" পরিচালনার নিয়মাবলী সম্পর্কে অবগত হয়ে আমি অঙ্গীকার করছি যে, আমি উক্ত স্কীমের নিয়মাবলী মেনে চলব এবং মেয়াদান্তে বা মেয়াদের পূর্বে হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যে সিদ্ধান্ত প্রদান করা হবে তাতে আমার কোন আপত্তি থাকবে না।

হিসাবধারীর স্বাক্ষর -------------------------------------------------------

হিসাবধারীর নাম --------------------------------------------------------

রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS) হিসাব নম্বর -------------------------

তারিখ -----------------------------------------------------------------

স্বাক্ষর ও সীল
শাখা প্রধান/অনুমোদিত কর্মকর্তা


সংযুক্তি-"ক"

নিয়মাবলী মেনে চলার বিষয়ে অঙ্গীকারনামা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের "রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS)" পরিচালনার নিয়মাবলী সম্পর্কে অবগত হয়ে আমি অঙ্গীকার করছি যে, আমি উক্ত স্কীমের নিয়মাবলী মেনে চলব এবং মেয়াদান্তে বা মেয়াদের পূর্বে হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যে সিদ্ধান্ত প্রদান করা হবে তাতে আমার কোন আপত্তি থাকবে না।

হিসাবধারীর স্বাক্ষর -------------------------------------------------------

হিসাবধারীর নাম --------------------------------------------------------

রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS) হিসাব নম্বর -------------------------

তারিখ -----------------------------------------------------------------

স্বাক্ষর ও সীল
শাখা প্রধান/অনুমোদিত কর্মকর্তা